রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ১৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৪, ২০২৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৮৭—১৯৩ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৬৩—৬৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪২৯—৪৮৭ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩১৩—৩২৩ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২১ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০৬০.১৯(অংশ-১)-২৩৯—সাজাপ্রাপ্ত কয়েদি বেগম খালেদা জিয়ার মুক্তির বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল আপিল নং-১৬৭৬/১৮ (বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৭/২০১৭ থেকে উদ্ভূত) এবং বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৮/২০১৭-এ প্রদত্ত বেগম খালেদা জিয়া'র দন্ডাদেশ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২৫-০৩-২০২৪ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৬(ছয়) মাসের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো :

(ক) তিনি ঢাকাস্থ নিজ বাসায় থেকে তার চিকিৎসা গ্রহণ করবেন; এবং

(খ) উক্ত সময়ে তিনি দেশের বাইরে গমন করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
**উপসচিব।**

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩০/২৫ ফেব্রুয়ারি ২০২৪

নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৯.৯২(১)-৩৬—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন)

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব ডি. এম. হাবিবুর রহমান, জন্ম তারিখ-০১-০১-১৯৭৮ খ্রি., পিতা-ডি. এম আবু সাইয়েদ, মাতা-হাজেরা বেগম, গ্রাম-দড়িকান্দি, ডাকঘর-দড়কান্দি, উপজেলা-জাজিরা, জেলা-শরিয়তপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শরিয়তপুর জেলার জাজিরা উপজেলার ১০ নং পালেরচর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ ১৪৩০/০৮ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.২২**—The State Acquisition and Tenancy Act. 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules. 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজা সমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম: | মৌজার নাম | জে এল নং | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | রাজারগাঁও | ০৮ | ২১৫৩ | ০৪ | সিলেট সদর | সিলেট | |
| ২ | কালাকোনা | ০৪ | ২৫৮৯ | ০৩ | গোলাপগঞ্জ | সিলেট | |
| ৩ | দক্ষিণ ভাগ উত্তর | ৪৫ | ৫৬৪ | ০১ | গোলাপগঞ্জ | সিলেট | |
| ৪ | শিলঘাট | ৫৭ | ১২২৫ | ০২ | গোলাপগঞ্জ | সিলেট | |
| ৫ | পাবুয়া | ০৪ | ১৯৮৭ | ০৩ | কোম্পানীগঞ্জ | সিলেট | |
| ৬ | বাঘমারা | ১৫ | ১৭৩৫ | ০৫ | বিশ্বম্ভরপুর | সুনামগঞ্জ | |
| ৭ | উবুরগাঁও | ২৫ | ৩৩১ | ০১ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ | |
| ৮ | আগনরায়েরগাঁও | ৪৫ | ১৭০ | ০১ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ | |
| ৯ | বহরগাও | ৭১ | ৭৮৬ | ০২ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ | |
| ১০ | সাইটনলী | ১০৬ | ৬১৫ | ০২ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ | |
| ১১ | আন্দিউরা | ৬৫ | ১৩৯৩ | ০২ | মাধবপুর | হবিগঞ্জ | |
| ১২ | হাশারগাঁও | ৪৮ | ৭৫৮ | ০৩ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৩ | গোগাউরা | ৫২ | ৬৬১ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৪ | সুতাং | ৫৭ | ২৬৮ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৫ | গাভীগাও | ৭০ | ১৫৩১ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৬ | উসাইনগর | ৭৭ | ২২৫ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৭ | রূপনাথপুর | ৭৯ | ৬৯৯ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৮ | পারকুল | ৯৫ | ৮৫৫ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ১৯ | দেওগাছ | ১০৯ | ৯৭৬ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ | ১১১৫৩/২২ নম্বর রিট সংশ্লিষ্ট ৪০৩ ও ৪০৪ নম্বর ডি. পি. খতিয়ান ব্যতীত। |
| ২০ | সাতপাইকার | ১২৩ | ১০৩৯ | ০৩ | চুনারুঘাট | হবিগঞ্জ | |

| ক্রম: | মৌজার নাম | জে এল নং | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ২১ | আদমপুর | ১৩৭ | ৫৪৬ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২২ | কাকাউস্ | ১৫৩ | ৭৮১ | ০৩ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৩ | গাজিনগর | ১৫৯ | ৯৩৫ | ০৩ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৪ | গাজীপুর | ১৬৬ | ১৫১১ | ০৩ | চুনারুঘাট | হবিগঞ্জ | |
| ২৫ | জিন্নানগর | ১৮ | ২৪২৯ | ০৫ | কুলাউড়া | মৌলভীবাজার | |
| ২৬ | কাসিমনগর | ৩৬ | ১৭৯৮ | ০২ | কুলাউড়া | মৌলভীবাজার | |
| ২৭ | পূর্ব্ব মুনসুর | ৫০ | ১৬২২ | ০৮ | কুলাউড়া | মৌলভীবাজার | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ পৌষ ১৪৩০/২৭ ডিসেম্বর ২০২৩

নং ০৫.০০.০০০০.১৩৮.১৮.০০৯.২৩.৭৫০—যেহেতু, জনাব মোঃ মনজুর হোসেন (পরিচিতি নং-১৭৩৩০), উপপরিচালক, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা (প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল) এর বিরুদ্ধে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইলে সি, আর ৯৬৬/২০২২ নং মামলা দায়ের হয়;

২। যেহেতু, জনাব মোঃ মনজুর হোসেন এর বিরুদ্ধে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইলে এ দায়েরকৃত সি, আর ৯৬৬/২০২২ নং মামলায় ৩১-১০-২০২৩ তারিখে দন্ডবিধি ৪৯৩ ধারায় চার্জ গঠন করা হয়;

৩। সেহেতু, জনাব মোঃ মনজুর হোসেন-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(২) অনুযায়ী ৩১-১০-২০২৩ তারিখ থেকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৪। তিনি সাময়িক বরখাস্ত থাকাকালীন জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) পদে নিয়োজিত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা (subsistence allowance) প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ পৌষ ১৪৩০/২৪ ডিসেম্বর ২০২৩

নং ১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৩.২০২০/৩৬৮—যেহেতু, জনাব তৌহিদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এর বিরুদ্ধে বাংলাদেশ দূতাবাস, কায়রো-তে প্রশাসনিক কর্মকর্তা (হিসাব) পদে কর্মরত থাকাকালীন চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক)-এর কার্যালয় কর্তৃক বাংলাদেশ দূতাবাস, কায়রো-এর হিসাব সংক্রান্ত বিভিন্ন অনিয়মের উপর পর্যবেক্ষণের প্রেক্ষিতে দূতাবাসের তদন্ত কমিটি, দূতাবাসে প্রেরিত মন্ত্রণালয়ের ০২ (দুই) জন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি এবং দূতাবাসের হিসাব নিরীক্ষা দল কর্তৃক দূতাবাসের বিগত ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের হিসাব সংক্রান্ত ক্যাশবহি, ক্যাশ একাউন্টস ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্য উপাত্ত অনুসন্ধানপূর্বক বিভিন্ন রকম আর্থিক অনিয়ম ও সরকারি তহবিল তছরূপের অভিযোগ উত্থাপিত হয়; এবং

যেহেতু, তার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যতাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণতা' এর পর্যায়ভুক্ত দন্ডনীয় অপরাধ এবং এই অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৩/২০২০ রুজু করে গত ২১ জুন ২০২০ তারিখে প্রথম কারণ দর্শানো নোটিশ (অভিযোগনামা ও অভিযোগ বিবরণী) তার বরাবর প্রেরণ করা হয়: এবং

যেহেতু, তিনি গত ০২ জুলাই ২০২০ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং তার আবেদন অনুযায়ী গত ৬ ডিসেম্বর ২০২১ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানি অন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে মন্ত্রণালয়ের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তার নেতৃত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

যেহেতু, সার্বিক তদন্ত শেষে তদন্ত বোর্ড গত ৩১ জুলাই ২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু, তদন্ত বোর্ডের প্রতিবেদনের আলোকে জনাব তৌহিদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, এর বিরুদ্ধে উত্থাপিত আর্থিক অনিয়মের বিষয়সমূহ দূতাবাস অডিট অধিদপ্তরের নিরীক্ষার মাধ্যমে নিষ্পত্তিযোগ্য হওয়ায় তাকে 'দুর্নীতি পরায়ণতা' এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) এর আওতায় কর্তব্যে অবহেলা প্রদর্শন এবং আইনসঙ্গত কারণ ব্যতিরেকে সরকারের আদেশ, পরিপত্র এবং নির্দেশ অবজ্ঞাকরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৫)(গ) মোতাবেক "২(দুই) বছরের

জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে বেতন অবনতিকরণ" (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১০ এর আওতায় তার বর্তমান মূল বেতন ২৬,১২০ টাকা হতে এই গ্রেডের নিম্নতর ধাপ ১৬,০০০ টাকায় অবনমিতকরণ) লঘুদন্ড প্রদান করা হলো। উক্ত সময়কাল তার বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণ্য হইবে না। তবে, এই অবনমিতকাল সমাপ্তিতে পূর্ববর্তী চাকরিকাল বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

---

**রাষ্ট্রাচার অনুবিভাগ**
**রাষ্ট্রাচার (নীতি)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নং ১৯.০০.০০০০.৭১৫.৬১.০১৯.২৩-১১৮৬**—ঢাকাস্থ উত্তর কোরিয়া দূতাবাস বাংলাদেশে তাঁদের দূতাবাসের কার্যক্রম বন্ধের বিষয়টি বাংলাদেশ সরকারকে অবহিত করেছে। উত্তর কোরিয়া ১৯৭৪ সালের সেপ্টেম্বর মাসে ঢাকায় তাঁদের দূতাবাসের কার্যক্রম শুরু করে। উত্তর কোরিয়া কর্তৃক নিযুক্ত আবাসিক রাষ্ট্রদূত H. E.Mr. Pak Song Yop বিগত ১৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির নিকট তাঁর পরিচয় পত্র পেশ করিয়াছিলেন। ২০ নভেম্বর ২০২৩ তারিখ উত্তর কোরিয়া দূতাবাস ঢাকায় তাঁদের কার্যক্রম বন্ধ করেন এবং উত্তর কোরিয়ার রাষ্ট্রদূত বাংলাদেশ ত্যাগ করেন।

৩। আর্থিক সংকটের কারণে তাঁরা তাঁদের দূতাবাসের কার্যক্রম বন্ধ করেছে বলে জানা যায়। ঢাকায় কূটনৈতিক দূতাবাস বন্ধ হলেও উক্ত দেশের দিল্লিস্থ দূতাবাস বাংলাদেশের সাথে সকল ধরনের কূটনৈতিক সম্পর্ক অব্যাহত রাখবে মর্মে উত্তর কোরিয়া কূটনৈতিক পত্রের মাধ্যমে অবহিত করেছে।

৪। বর্ণিত অবস্থায়, বাংলাদেশে উত্তর কোরিয়া দূতাবাসের কার্যক্রম বন্ধের বিষয়টি জানিয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাল্গুনী বাগচী**
সিনিয়র সহকারী সচিব (রাষ্ট্রাচার নীতি)।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি মাধ্যমিক-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১১.০০৩.২০১৫-২৪৩২**—সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন 'জামালগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়' এর প্রধান শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান এর জাল সনদ দাখিলের বিষয়টি নিষ্পত্তির অপেক্ষায় থাকায় এতদ্‌সংক্রান্ত গত ২২ নভেম্বর ২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.১১.০০৩.২০১৫.২১৭২ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা হলো।

**মোছা: শাম্মী আক্তার**
উপসচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৪৯.০০.০০০০.০৫০.২৭.০১৮.১৮-১০৪/১**—যেহেতু, জনাব রায়হানুল কবীর, [বর্তমানে ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মীপুর] ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং), লালমনিরহাট কর্মরত থাকাকালীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের, অধ্যক্ষ আপনার বিরুদ্ধে অসদাচরণ, কর্তব্য কর্মে অবহেলা, কর্তৃপক্ষের সঙ্গে দুর্ব্যবহার, অসৌজন্যমূলক আচরণ, উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত নির্দেশ অমান্যকরণ এবং অশালীল ভাষায় গালমন্দসহ অসদাচরণের অভিযোগ তুলে ধরেন। পরবর্তীতে মন্ত্রণালয়ের নির্দেশে গত ১৬-০১-২০২২ তারিখ বিএমইটির নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন যে, আপনি দীর্ঘদিন যাবৎ লালমনিরহাট টিটিসিতে ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) হিসেবে নিয়োজিত থাকার পাশাপাশি স্টেপ প্রকল্পসহ অন্যান্য ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত কার্যক্রমে জড়িত ছিলেন। বর্তমান অধ্যক্ষ যোগদানের পর আপনাকে অন্যান্য অতিরিক্ত দায়িত্ব হতে অব্যাহতি দেয়া হয় এবং তারপর হতে আপনি অধ্যক্ষের প্রায় সকল নির্দেশনা অমান্য করেছেন মর্মে প্রতিয়মান হয়। এছাড়া আপনি গত ২৬-০৪-২০২১ খ্রিঃ তারিখে নিরাপত্তা প্রহরী জনাব মোল্লা নুরে আলম ও অফিস সহায়ক জনাব আমিনুলের মধ্যে ঝগড়ায় স্থানীয় লোকজনকে সঙ্গে নিয়ে জটিল পরিস্থিতির সৃষ্টি করেন এবং উদ্ভূত পরিস্থিতিতে অধ্যক্ষের সাথে দুর্ব্যবহার করে উক্ত টিটিসিতে স্থানীয় প্রভাব বিস্তার করার চেষ্টা করেন মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে লালমনিরহাট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষের অভিযোগ ও তদন্ত কর্মকর্তার প্রতিবেদন প্রমাণিত হওয়ায় আপনার এরূপ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ধারা অনুযাযী 'অসদাচরণের' দায়ে অভিযুক্ত করে গত ১৬-০৩-২০২২ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। গত ২৮-০৩-২০২২ খ্রিঃ তারিখে আপনি লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ১৫-০৬-২০২২ খ্রিঃ তারিখে তারিখ অনুষ্ঠেয় ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, লিখিত জবাব, দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব রায়হানুল কবীর, [বর্তমানে ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং)-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযাযী 'অসদাচরণের' দায়ে অভিযুক্ত করা হয়;

সেহেতু, জনাব রায়হানুল কবীর, [বর্তমানে ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লক্ষ্মীপুর]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ উপ-বিধি ২(ক) অনুযায়ী 'তিরস্কার' নামীয় লঘুদণ্ড প্রদান করে একই সাথে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আহমেদ মুনিরুছ সালেহীন**
সিনিয়র সচিব।

**সমাজ কল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৬ (দপ্তর ও সংস্থা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ পৌষ ১৪৩০/০১ জানুয়ারি ২০২৪

নং ৪১.০০.০০০০.০১৯.০৫.০২৭.২২.২—বাংলাদেশ সার্ভিস রুল পার্ট-১ এর ৩০০ (বি) বিধি মোতাবেক সমাজসেবা অধিদপ্তরাধীন জনাব মোঃ মতিউর রহমান, সহকারী সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, কচুয়া, বাগেরহাট এর বেতন সংরক্ষণযোগ্য হবে এবং ১০ আগস্ট ২০১৫ তারিখ হতে সরকারি চাকরির ধারাবাহিকতা বজায় ও পেনশনযোগ্য চাকরিকাল গণনা করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবদুল হামিদ মিয়া**
উপসচিব।

---

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**পলিসি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৫৬.০০.০০০০.০৬১.২২.০০৯.২০.২৩১—সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ এর ধারা ১৫ অনুসারে নিম্নোক্ত প্রতিষ্ঠানকে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure-CII) হিসেবে ঘোষণা করা হলো। ইহা সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম |
|---|---|
| ১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল হান্নান**
**উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।**

---

**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৫৬.০০.০০০০.০৫৬.৩২.০০৮.২১.৩০৭—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ অনুযায়ী লিনেক্স ইলেক্ট্রনিক্স বাংলাদেশ লিমিটেড, ডোমনা, কাশিমপুর, গাজিপুর এর নিম্নবর্ণিত তফসিলভুক্ত ভূ-সম্পত্তিকে পত্র বর্ণিত শর্তসাপেক্ষে আগামী ০১ (এক) বছরের জন্য "বেসরকারি হাই-টেক পার্ক" হিসেবে ঘোষণা করা হলো:

| | | |
|---|---|---|
| পার্কের নাম | লিনেক্স ইলেক্ট্রনিক্স বাংলাদেশ লিমিটেড (Linnex Electronics Bangladesh Limited) | |
| পার্কের অবস্থান | জেলা | গাজীপুর |
| | উপজেলা | গাজীপুর সদর |
| | ইউনিয়ন | কাশিমপুর |
| | মৌজা | ডোমনা (জে,এল, ৩১) |
| মোট জমির পরিমাণ | মোট ১৪২.৩৪ শতাংশ ভূমির কাতে ৯৪.০৫ শতাংশ | |

**জমির তফসিল**

| দলিল নং | আর. এস. খতিয়ান নং | আর. এস. দাগ নং | জমির পরিমাণ (শতাংশ) |
|---|---|---|---|
| ২৫৪২৫ (১৪.১২.২০০৪) | ৩৩৩ | ৬৭ | ১৪ |
| ২৪৬১৬ (১১.১০.২০০৫) | | ৮২ | ৭১.৩৪ |
| | ২৭/৪২ | ৯০ | ৫৭ |
| **মোট জমির পরিমাণ:** | | | ১৪২.৩৪ (ইহার কাতে ৯৪.০৫) |

**শর্তসমূহ:**

(১) লিনেক্স ইলেক্ট্রনিক্স বাংলাদেশ লিমিটেড, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ এ সংক্রান্ত প্রণীত গাইডলাইনসহ সরকার কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত বিধি-বিধান বা নির্দেশনাবলি প্রতিপালন করতে বাধ্য থাকবে;

(২) লিনেক্স ইলেক্ট্রনিক্স বাংলাদেশ লিমিটেড উপর্যুক্ত তফসিলভুক্ত জমিতে সম্পূর্ণ বা কোনো অংশ তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা বিক্রয় বা বরাদ্দ বা স্থানান্তর করতে পারে না;

(৩) লিনেক্স ইলেক্ট্রনিক্স বাংলাদেশ লিমিটেড সরকার কর্তৃক নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমে জড়িত হতে পারে না;

(৪) লিনেক্স ইলেক্ট্রনিক্স বাংলাদেশ লিমিটেড কর্তৃক আবেদনপত্রের সাথে দাখিলকৃত আইনগত দলিলাদি বা কোনো তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এই অনুমতিপত্র/নবায়নপত্র প্রত্যাহার করতে পারবে;

(৫) পার্কের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা , রক্ষণাবেক্ষণ ও প্রসার সংক্রান্ত নিয়ম কানুন যথাযথ প্রতিপালন করতে হবে;

(৬) অর্থনৈতিক ও আর্থিকভাবে টিকে থাকার সামর্থ এবং সামাজিক উপযোগিতা নিশ্চিত করতে হবে;

(৭) রাষ্ট্রবিরোধী কোন কর্মকান্ডে এবং দেশের স্বার্থবিরোধী কোনো কাজে পার্ককে ব্যবহার করা যাবে না;

(৮) পার্কের পরিবেশ সুরক্ষার জন্য পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে;

(৯) শ্রমিকদের ন্যায্য মজুরিসহ অন্যান্য মৌলিক সুবিধা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১০) পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে অনুমতিপত্রধারী এখতিয়ার থাকবে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ পার্ক অনুমতিপত্রধারী ঘোষিত পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে সার্বিক সহায়তা প্রদান করবে;

(১১) পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারসহ অর্থনৈতিক ও আর্থিক সফলতা ও ব্যর্থতা পার্ক অনুমতিপত্রধারীর উপর বর্তাবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কোনো প্রকার দায়ভার গ্রহণ করবে না;

(১২) পার্কে বিনিয়োগের পরিমাণ ও কর্মসংস্থান বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে, যা এতদ্‌সংক্রান্ত কমিটি কর্তৃক পর্যালোচনা করা হবে;

(১৩) পার্কে উৎপাদিত পণ্যের মানের সঠিকতা বজায় রাখতে হবে এবং পণ্য উৎপাদনে নিত্য নতুন প্রযুক্তিগত ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(১৪) সকল আইনগত দলিলাদি নিয়মিত হালনাগাদ রাখতে হবে;

(১৫) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নবায়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং লাইসেন্স ফি যথাসময়ে পরিশোধ করতে হবে;

(১৬) কর্মীদের নির্ধারিত ড্রেসকোডসহ কারখানার উন্নত কর্মপরিবেশ বজায় রাখতে হবে;

(১৭) ব্যাংক কর্তৃক ঋণখেলাপি ঘোষিত হলে এবং উপযুক্ত শর্তসমূহ লঙ্ঘন ন করলে অথবা এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে তদন্তসাপেক্ষে এই অনুমতিপত্র/ নবায়নপত্র বাতিল করা হবে;

(১৮) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যে কোনো সময় এই ঘোষণাপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেবেকা সুলতানা**
উপসচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**বিমান অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩০.০০.০০০০.০১৭.০১৮.০০৫.১৯-০১**—'The Companies Act, 1994' এর আওতায় স্বাক্ষরিত Articles of Association of Biman Bangladesh Airtlines Limited এর অনুচ্ছেদ-৩৮ অনুযায়ী ২০২৪ সালের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর পরিচালনা পর্ষদ নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | জনাব মোস্তফা কামাল উদ্দীন, সিনিয়র সচিব, (অবসরপ্রাপ্ত), আফসার টাওয়ার, ৩৪৫, এলিফ্যান্ট রোড, ঢাকা। | চেয়ারম্যান |
| ২ | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | পরিচালক |
| ৩ | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | পরিচালক |
| ৪ | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | পরিচালক |
| ৫ | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালক |
| ৬ | সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় | পরিচালক |
| ৭ | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | পরিচালক |
| ৮ | সহকারী বিমান বাহিনী প্রধান (অপারেশন) | পরিচালক |
| ৯ | ইঞ্জিনিয়ার ইন চীফ, বাংলাদেশ সেনাবাহিনী | পরিচালক |
| ১০ | সভাপতি, বিজিএমইএ | পরিচালক |
| ১১ | ব্যারিস্টার তানজিবুল আলম, আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | পরিচালক |
| ১২ | জনাব খন্দকার আতিক-ই-রব্বানী, ব্যবস্থাপনা পরিচলক, দি কম্পিউটার্স লিমিটেড, ঢাকা মেট্রোপলিটন স্কাউট ভবন/মার্কেট, ৫৪ ইনার সার্কুলার রোড (১ম তলা), পুরানা পল্টন লাইন, ঢাকা | পরিচালক |
| ১৩ | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড | পরিচালক (পদাধিকার বলে) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী**
উপসচিব।

---

**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ পৌষ ১৪৩০ ব:/২৪ ডিসেম্বর ২০২৩ খ্রি:

**নং ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-৪১৯**—গত ১২ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-৩২৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন আংশিকভাবে সংশোধনক্রমে বাংলাদেশে কার্যরত দেশি-বিদেশি সকল এয়ারলাইন্স কর্তৃক বাংলাদেশ হতে যাত্রী ও পণ্য পরিবহণের ভাড়া নির্ধারণের ক্ষেত্রে Head Line Currency হিসেবে দেশীয় মুদ্রা অর্থাৎ বাংলাদেশী টাকা কার্যকরকরণ সম্পর্কিত প্রক্রিয়া সম্পন্নকরণের নিমিত্ত আরো তিন মাস সময় বৃদ্ধি করে ১৬ এপ্রিল ২০২৪ তারিখ নির্ধারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ: ১৮ পৌষ ১৪৩০/০২ জানুয়ারি ২০২৪

**নং ৪৩.০০.০০০০.১১৪.১৬.১০৯.২২.১২**—১৯৬৮ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালের সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হলো ঃ

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমান (একরে) | চৌহদ্দী | মালিকানার | প্রত্নতত্ত্ব অদিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | এতিহ্যবাহী "আনন্দ মোহন বসুর বাড়ি"<br>ইউনিয়ন: জয়সিদ্ধি<br>উপজেলা/<br>থানা: ইটনা<br>জেলা: কিশোরগঞ্জ | জয়সিদ্ধি | ২০০ | ২৪০৮<br>২৪০৯<br>২৪১৩ | ০.৫৯<br>০.৫৭<br>১.২৭ | পূর্ব: হাজী আমির উদ্দিন পিং আব্দুল ছোবাহান, মিন্নত আলী, কোরবান আলী, রোকন রেজা, পিং মৃত হাজী ছুরত আলী।<br>পশ্চিম: ধন মিয়া, মন মিয়া, সুবুজ মিয়া, ফুল মিয়া, নুরুল ইসলাম, পিং নোয়াজ আলী।<br>উত্তর: বলাকুট নদী।<br>দক্ষিণ: জয়সিদ্ধি ইউনিয়ন ভূমি অফিস। | **এস,এ রেকর্ড মোতাবেক**<br>যতীন্দ্র মোহন বসু<br>পিং হরমোহন বসু<br>হীতেন্দ্র মোহন বসু<br>পিং হেমেন্দ্র মোহন বসু<br>সাং জয়সিদ্ধি<br>**আর,এস. রেকর্ড মোতাবেক**<br>হাজী আমির উদ্দিন<br>পিং আব্দুল সোবাহান<br>সাং আলগাপাড়া | আর.এস. রেকর্ডীয় মালিকের ওয়ারিশগণ মালিকানা হস্তান্তরে সম্মত নয় | হাজী আমির উদ্দিন<br>পিং আব্দুল সোবহান<br>সাং আলগাপাড়া<br>১৫০(১২)১৯৬৬-১৯৬৭ নং বন্দোবস্ত মোকদ্দমামূলে তফসিল বর্ণিত ভূমি বন্দোবস্ত নেন। |
| | | | | মোট = | ২.৪৩ | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।